



রাজধানীর শেরেবাংলা নগরে ‘জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর’ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী তারকে রহমান

লেখক: প্রকাশক | প্রকাশিত: 05 August 2026, 10:38 AM | বিভাগ: জাতীয়



রাজধানীর শেরেবাংলা নগরে প্রতিষ্ঠিত ঐতিহাসিক ‘জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর’ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করছেন প্রধানমন্ত্রী তারকে রহমান। উদ্বোধনের পর তিনি জাদুঘরে বিভিন্ন গ্যালারি ঘুরে দেখেন এবং জুলাই গণঅভ্যুত্থানে ইতিহাস, আত্মত্যাগ ও সংগ্রামের বিভিন্ন নিদর্শন পরিদর্শন করেন।

বুধবার (৫ আগস্ট) সকাল ৯টায় এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে ফলক উন্মোচনের মাধ্যমে ‘জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর’-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। উদ্বোধনী অনুষ্ঠান শেষে তিনি আমন্ত্রণে অতিথিদের সঙ্গে নিয়ে জাদুঘরে বিভিন্ন গ্যালারি ঘুরে দেখেন।

পরিদর্শনকালে প্রধানমন্ত্রী জুলাই গণঅভ্যুত্থানকে কেন্দ্র করে সংরক্ষিত বিভিন্ন আলোকচিত্র, ঐতিহাসিক দলিল, আন্দোলনভিত্তিক স্মারক এবং ঘটনাপ্রবাহের ওপর নির্মিত প্রদর্শনী গভীর মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করেন। জাদুঘরে প্রতিটি গ্যালারিতে মূলত অভ্যুত্থানের বিভিন্ন পর্যায়, ছাত্র-জনতার অসামান্য আত্মত্যাগ এবং ঐতিহাসিক সংগ্রামের নানা দিক অত্যন্ত নথিভাব

ফুটুয়ে তোলা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে সরকারের মন্ত্রিপরিষদে সদস্যবৃন্দ, সামরিক ও বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তা, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের সম্মানিত সদস্য এবং বিশিষ্ট আমন্ত্রিত অতিথিরা উপস্থিতি ছিলেন।

জুলাই গণঅভ্যুত্থানে সঠিক ইতিহাস, মানুষের সংগ্রাম ও আত্মত্যাগের স্মৃতি ভবিষ্যৎ প্রজন্মের কাছে সঠিকভাবে তুলে ধরার লক্ষ্যেই এই জাদুঘরটি প্রতিষ্ঠা করা হয়েছে। উদ্বোধনের দিনটি বিশেষ অতিথি ও শহীদ পরিবারের সদস্যদের জন্য সংরক্ষিত রাখা হলেও আগামীকাল বৃহস্পতিবার (৬ আগস্ট) থেকে জাদুঘরটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হবে।

Dhaka71/rir